



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।

(অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ (সংশোধিত ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক)

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ এর খেলাপী ঋণ গ্রহীতা “মেসার্স সুমন মৎস খামার”, ব্যবসায়িক ঠিকানা: গ্রাম-ঘুঘুডিমা, গুণীর মোড়, গোবরাতলা, চাঁপাইনবাবগঞ্জ, স্বত্বাধিকারী-মোহা: মাইনুল ইসলাম (সুমন), জাতীয় পরিচয়পত্র নং-১৪৮৭১৮০৮৩৬, জন্ম তারিখ: ০১/০১/১৯৮৫ ইং, পিতা-মোহা: ফজলুর রহমান, মাতা-মোসা: তাজকেরা বেগম, ঠিকানা: গ্রাম-জাবড়ী কাজিপাড়া, পো: গোবরাতলা, থানা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ। ঋণ গ্রহীতার নিকট ৩০/১০/২০২৩ ইং তারিখে ব্যাংকের পাওনা টাকা ১৮,০৫,৫৪৬.৩৮ (আঠারো লক্ষ পাঁচ হাজার পাঁচশত ছেচল্লিশ টাকা আটত্রিশ পয়সা মাত্র) আদায়কালতক সুদসহ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত অবকাঠামো কতক শর্ত সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

-শর্তসমূহ-

- ০১) প্রত্যেক দরপত্র দাতাকে তার নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), প্রস্তাবিত মূল্য অংকে ও কথায় লিখে এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখে দাখিল করতে হবে।
- ০২) দরপত্র নির্ধারিত জামানতসহ ০৭-১২-২০২৩ ইং তারিখ বিকাল ০২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০২.১৫ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে তফসিলী সম্পত্তি ক্রয়ে সর্বাগ্রে আহবান করা হবে।
- ০৩) আগ্রহী দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে বেসিক ব্যাংক লিমিটেড, চাঁপাইনবাবগঞ্জ শাখা, এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে:
 - (ক) উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ২০%;
 - (খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১৫%; এবং
 - (গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের - ১০%।
- ০৪) অনূর্ধ্ব ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গ্রহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনূর্ধ্ব ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গ্রহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গ্রহীত হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ০৫) উপরে বর্ণিত শর্ত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবে।
- ০৬) দরপত্র গ্রহীত না হলে যৌক্তিক সময় পর লিখিত আবেদনের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরত দেয়া হবে।
- ০৭) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ক্রেটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৮) নিম্নবর্ণিত এক বা একাধিক তফসিল সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল করা যাবে। তবে কোন তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দাখিলকৃত দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- ০৯) ক্রয়কৃত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ ও পৌরকর, ভূমিকর, ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।
- ১০) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে বেসিক ব্যাংক লিমিটেড, ৪৪৯, হুজরাপুর, চাঁপাইনবাবগঞ্জ ঠিকানায় যোগাযোগ করতে পারবেন। দরপত্র জমা দেয়ার পর প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান, স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবে না।
- ১১) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

বন্ধকী সম্পত্তির তফসিল:

(ক) জেলা-চাঁপাইনবাবগঞ্জ, থানা-চাঁপাইনবাবগঞ্জ, মৌজা-চাঁপাই, জে.এল নং-২০, এস.এ খতিয়ান নং-১১, আর.এস খতিয়ান নং-২৬, প্রস্তাবিত খতিয়ান নং-১১/২, এস.এ দাগ নং-১২৯, ১৩২, ১৩৫, ১৩৬, ১৩৭, ৩৩৭, ৩৩৮, ৩৪১, ৩৪৫, ৩৫১, ৩৫৭, ৩৫৮, ৩৫৯, আর.এস দাগ নং-১৬৩, ১৬৬, ১৬৮, ১৬৯, ১৭০, ৪০৭, ৪০৮, ৪০৯, ৪১৩, ৪২০, ৪২৯, ৪৩০, ৪৩১, মোট সম্পত্তির পরিমাণ-১৬৭.০০ শতক, মালিক-ফজলুর রহমান।

শাখা ব্যবস্থাপক

চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ

জনকণ্ঠ ও চাঁপাইচিত্র- ১৫-১১-২০২৩ইং